



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/16/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল কানাডার দাবানলের সাথে লড়াই করার পর ফেরত আসা DEC ফরেস্ট রেঞ্জার ক্রুকে স্বাগত জানালেন

এই গ্রীষ্মে তৃতীয় সফল রেঞ্জার নিয়োগ

গভর্নর ক্যাথি হোকল আজকে দুই সপ্তাহ ধরে কানাডায় দাবানলের বিরুদ্ধে লড়াই করে দেশে ফেরা নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation, DEC) ফরেস্ট রেঞ্জারদের স্বাগত জানালেন। রেঞ্জাররা মেইন, নিউ হ্যাম্পশায়ার এবং ভার্মন্ট থেকে বনভূমির দমকল কর্মীদের সাথে যোগদান করেছিলেন। কুইবেকে 14 দিন কাটিয়ে, একাধিক অগ্নিকাণ্ডে কাজ করার পর, রবিবার, 16 জুলাই রেঞ্জাররা ফিরে এসেছেন।

"নিউ ইয়র্কবাসীদের দৈনন্দিন জীবনে কানাডার দাবানলের ধোঁয়ার বিপজ্জনক প্রভাব সম্পর্কে নিউ ইয়র্কবাসীরা খুব ভালো করেই জানেন," বলেছেন গভর্নর হোকল। "আমরা ভাগ্যবান যে যাদের প্রয়োজন তাদের সাহায্য করতে এগিয়ে আসতে ইচ্ছুক এমন সাহসী মানুষ আমাদের আছে এবং আমি আমাদের সাহসী দমকল কর্মীদের ধন্যবাদ জানাই দাবানল নিয়ন্ত্রণে যাদের প্রচেষ্টা এই গুরুত্বপূর্ণ।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার বেসিল সেগোস বলেন, "যত সংকটময় পরিস্থিতিই হোক না কেন, DEC ফরেস্ট রেঞ্জাররা সবসময় সাহায্য করার জন্য প্রস্তুত। এই ক্ষেত্রে, আমাদের প্রতিবেশী এবং সেইসাথে খারাপ গুণমানের বাতাসে কষ্টভোগ করা নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার জন্য তারা ধোঁয়া এবং অগ্নিশিখার মধ্যে 14 দিন কাটিয়েছেন। বনভূমি অগ্নিনির্বাপণ এবং পুরো বিষয়টির নেতৃত্ব দেওয়ার জন্য আমি আমাদের বিশেষজ্ঞদের অবিরত উত্সর্গ এবং আত্মত্যাগের জন্য তাদেরকে ধন্যবাদ জানাই।"

ক্রিউ বস রেঞ্জার গ্যারি মিলার, মিকোয়া ফায়ার কমপ্লেক্স, যা প্রায় 40,600 একর বনভূমি জ্বালিয়েছে, সেটিতে নিয়োজিত একটি 20-জনের বনভূমি অগ্নিনির্বাপণ দলের অংশ হিসেবে সাতজন অতিরিক্ত রেঞ্জারকে পরচালিত করেছেন। এই ক্রিউ এর মধ্যে আছে:

ডেভিড ক্যুরি - এসেক্স ও ফ্র্যাঙ্কলিন কাউন্টি
লিঙ্কন হ্যানো - হেরকিমার এবং লুইস কাউন্টি

হাওয়ার্ড ক্রেফট - উলস্টার কাউন্টি
গ্যারি মিলার - হ্যামিল্টন কাউন্টি
জো প্রিস - ডাচেস এবং পুটনাম কাউন্টি
লোগান কুইন - এসেক্স কাউন্টি
জন স্কট - সাফোক কাউন্টি
নাথান স্প্রগ - ক্যাটারাউগাস কাউন্টি

পুরো কানাডা জুড়ে, 4,000 এরও বেশি অগ্নিকাণ্ড আনুমানিক 23.7 মিলিয়ন একর বনভূমি জ্বালিয়েছে। জুন 2-এ, একজন ক্রিউ বস হিসেবে নোভা স্কটিয়াতে [একজন ফরেস্ট রেনজার নিয়োগ করা হয়েছিল](#)। 8 জুন, গভর্নর হোকল ঘোষণা করেন যে কুইবেকে দাবানল দমন করার প্রয়াসে সাহায্য করার জন্য [সাতজন DEC ফরেস্ট রেঞ্জারের একটি দল](#) নিয়োগ করা হচ্ছে। একই সময়ে, স্টেটের সীমানা অতিক্রম করে আসা সেইসব দাবানল সৃষ্ট ধোঁয়ার কারণে নিউ ইয়র্ক স্টেট একটি [বাতাসের গুণমান বিষয়ক স্বাস্থ্য সংক্রান্ত পরামর্শ \(Air Quality Health Advisory\)](#) এর অধীনে ছিল এবং বাতাসের গুণমানে উল্লেখযোগ্য সমস্যা তৈরি করেছিল।

স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) এবং স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) বাতাসের মানের স্বাস্থ্য সতর্কতাটি জারি করে যখন DEC মেটেরোলজিস্টরা পূর্বাভাস প্রদান করে যে দূষণ, ওজোন বা ধোঁয়া থেকে সৃষ্ট সূক্ষ্ম বিশেষ পদার্থের (PM2.5) মাত্রার কারণে বাতাসের গুণমানের সূচক (Air Quality Index, AQI) এর মান 100 এর বেশি হওয়ার আশঙ্কা রয়েছে। এক স্কেলে দূষণের বিভিন্ন মাত্রাকে সম্পর্কিত করার একটি সহজ উপায় হিসেবে AQI তৈরি করা হয়েছে, যেখানে AQI এর মান বেশি হওয়ার অর্থ হলো বৃহত্তর স্বাস্থ্য উদ্বেগের ইঙ্গিত। সর্বশেষ AQI পূর্বাভাস [এখানে](#) দেখা যাবে।

2005 সালের কুইবেকের দাবানলের পর প্রথমবারের মতো নিউ ইয়র্ক স্টেটের ফরেস্ট রেঞ্জারগণকে এই তিনটি মিশনের জন্য কানাডায় মোতায়েন করা হয়েছে। 1979 সালে নিউ ইয়র্ক ব্যাপক দাবানলের সময় পশ্চিমা স্টেটগুলিকে সহায়তা করতে প্রথম দমকল ক্রু প্রেরণ করে। প্রায় প্রতি বছর গড়ে একটি বা দুইটি ক্রুকে দাবানলের ব্যাপারে সহায়তা করতে প্রয়োজনমতো প্রেরণ করা হয়। দাবানল নিয়ন্ত্রণ এবং ক্ষয়ক্ষতি হ্রাসে সহায়তা করার পাশাপাশি, এই কর্মীরা মূল্যবান অভিজ্ঞতা অর্জন করে যেগুলো নিউইয়র্কের দাবানলের বিরুদ্ধে লড়াইয়ে এবং সকল ঝুঁকিপূর্ণ ঘটনা পরিচালনা করার জন্য কাজে লাগানো যাবে।

নিউ ইয়র্ক ক্রুয়ের কর্মচারীদের এবং যাতায়াতের খরচ হয় মার্কিন যুক্তরাষ্ট্রের বন সেবা (U.S. Forest Service) সরাসরি পরিশোধ করে অথবা স্টেট এবং ফেডারেল ভূমি এজেন্সিগুলির মধ্যকার পারস্পরিক সহায়তা চুক্তির ভিত্তিতে নিউ ইয়র্ক স্টেটকে এর ব্যয়পূরণ প্রদান করা হয়।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)